গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
জামালপুর মেডিকেল কলেজ, জামালপুর।
www.jpmc.gov.bd

স্মারক নং– ৫৯.১৪.০০০০.১৪৯.১০২.১৮.০০১৮.২৬.৫০০

তারিখঃ ১৫ ভাদ্র ১৪৩৩ / ৩০ আগষ্ট ২০২৬

## বিজ্ঞপ্তি

অদ্য ৩০ আগস্ট ২০২৬ তারিখে অনুষ্ঠিত জামালপুর মেডিকেল কলেজ একাডেমিক কাউন্সিলের সভায় ১০ম ব্যাচের প্রক্সি প্রদানকে কেন্দ্র করে উদ্ভূত পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। বিষয়টি বর্তমানে চূড়ান্ত সিদ্ধান্তের অপেক্ষায় থাকায় একাডেমিক কাউন্সিল নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করেছেঃ

১। তদন্তের চূড়ান্ত সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত ১০ম ব্যাচের ২ জন শিক্ষার্থীর সহপাঠীদের সঙ্গে আচরণগত ত্রুটি এবং তাঁদের আচরণের কারণে বিশেষত নারী শিক্ষার্থীদের মধ্যে ভীতি ও নিরাপত্তাহীনতার অনুভূতি সৃষ্টির বিষয়টি বিবেচনায় নিয়ে, শিক্ষার্থীদের জন্য নিরাপদ ও স্বাভাবিক শিক্ষার পরিবেশ নিশ্চিত করার স্বার্থে উক্ত ২ জন শিক্ষার্থীকে কলেজের সকল শিক্ষা কার্যক্রমে অংশগ্রহণ থেকে সাময়িকভাবে (সিদ্ধান্ত চূড়ান্ত না হওয়া পর্যন্ত) বিরত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। এ আদেশ অদ্য ৩০ আগষ্ট ২০২৬ তারিখ দুপুর ২:০০ ঘটিকা হতে কার্যকর হবে।

**শিক্ষার্থীদ্বয়ঃ ক) মোঃ মশিউর রহমান লরেন্স — ১০ম ব্যাচ, রোল নং–৯৮, খ) শায়ান মাহমুদ শান্ত — ১০ম ব্যাচ, রোল নং–৪৭**

এই সময় তাঁরা হোস্টেলে অবস্থান এবং ডাইনিংয়ে খাবার গ্রহণ করতে পারবে। তবে পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত তাঁরা শ্রেণিকক্ষ ও ওয়ার্ডভিত্তিক/ক্লিনিক্যাল শিক্ষা কার্যক্রম, জিমনেশিয়াম ব্যবহার এবং কলেজের কোনো সহশিক্ষা, খেলাধুলা বা Extracurricular কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে না এবং জামেক এর সমস্ত নিয়মকানুন বাধ্যতামূলকভাবে মেনে চলবে।

২। তদন্তে উত্থাপিত অভিযোগসমূহের প্রকৃতি ও গুরুত্ব বিবেচনায় মোঃ মশিউর রহমান লরেন্স — ১০ম ব্যাচ, রোল নং–৯৮ এর professional conduct, behavioral competency, ethical judgment এবং future professional fitness সম্পর্কে একটি বিশেষজ্ঞ কমিটি কর্তৃক professional and behavioral fitness assessment করানোর সিদ্ধান্ত গৃহিত হয়। উক্ত মূল্যায়নের ফলাফল বিবেচনাপূর্বক চিকিৎসা শিক্ষায় তার অব্যাহত অংশগ্রহণ এবং ভবিষ্যৎ পেশাগত উপযোগিতা সম্পর্কে প্রচলিত বিধি–বিধান অনুযায়ী পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

**বিশেষজ্ঞ কমিটিঃ** অধ্যাপক ডাঃ শেখ মুহাম্মাদ আলী ইমাম (অধ্যাপক, সাইকিয়াট্রি), ডাঃ মোহাম্মদ শামছুর রহমান (সহযোগী অধ্যাপক, সার্জারী), ডাঃ মোশাহিদুল ইসলাম (সহযোগী অধ্যাপক, মেডিসিন)

৩। উদ্ভূত পরিস্থিতিতে বৈরী এবং প্রচন্ড চাপ উপেক্ষা করে নীতি, নৈতিকতা ও সত্যের পক্ষে সাহসী ও দৃঢ় অবস্থান গ্রহণের জন্য **১০ম ব্যাচের সুমাইয়া ইসলাম (রোলঃ ৬৩) এবং হাসিব আব্দুল্লাহ ত্বাকীকে (রোলঃ ৩৬)** একাডেমিক কাউন্সিল ভূয়সী প্রশংসা করছে। কাউন্সিল বিশ্বাস করে, সততা, নৈতিকতা ও পেশাগত মূল্যবোধের প্রতি অবিচল শিক্ষার্থীরাই ভবিষ্যতে চিকিৎসা পেশার নৈতিকতা ও মর্যাদা সমুন্নত রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। একই সঙ্গে কলেজের সকল শিক্ষার্থীকে সত্য, ন্যায়, সততা ও পেশাগত নৈতিকতার পক্ষে অবিচল থাকার আহ্বান জানানো হচ্ছে। ন্যায়সংগত ও নৈতিক অবস্থান গ্রহণকারী শিক্ষার্থীদের পাশে একাডেমিক কাউন্সিল অবিচলভাবে অবস্থান করে প্রয়োজনীয় প্রাতিষ্ঠানিক সহায়তা প্রদান করবে।

৪। বয়েজ হোস্টেল কমিটিকে ১০ম ব্যাচের শিক্ষার্থী হাসিব আব্দুল্লাহ ত্বাকীর হোস্টেলে নিরাপদ ও নির্বিঘ্ন অবস্থান এবং ডাইনিংয়ে নিয়মিত মিল গ্রহণের নিশ্চয়তা বিধানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করা হয়েছে।

৫। ১০ম ব্যাচের সকল সিআরদের মনোনয়ন বাতিল করা হয়েছে। একাডেমিক কো–অর্ডিনেটর ও ফেইজ–২ কোর্ডিনেটরের সমন্বয়ে নতুন সিআর মনোয়ন করা হবে।

একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্তক্রমে এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

৩০/৮/২৬

অধ্যাপক ডাঃ মোঃ আবুল কালাম আজাদ
অধ্যক্ষ
জামালপুর মেডিকেল কলেজ, জামালপুর।
ইমেইলঃ jamalpurmc@ac.dghs.gov.bd
মোবাইলঃ +880 1758 245 673

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ– (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
২। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর মহাখালী ঢাকা ১২১২। দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক (সমন্বয়)
৩। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। সভাপতি ও সাধারণ সম্পাদক, একাডেমিক কাউন্সিল, জামেক
৫। ফেইজ–২ কো–অর্ডিনেটর (সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)
৬। অফিস নথি

অধ্যাপক ডাঃ মোঃ আবুল কালাম আজাদ
অধ্যক্ষ
জামালপুর মেডিকেল কলেজ, জামালপুর।

D:\JpMC Docs\Office Order Notice\notice for 10th batch students.docx